

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

১০

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৪.০৭.৯০৫.১৭-৪১৩

তারিখঃ ১৯/১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ বেসরকারি প্রতিষ্ঠান বা ব্যক্তি পর্যায়ের উত্তাবনী সেবা বা উদ্যোগ বাস্তবায়নে স্কেল আপে ক্রয় সংক্রান্ত বিষয়ে মতামত প্রদান।

সূত্রঃ ০৩.৮০৫.০০২.০০.০০.০২০.২০১৭-২৫৬৮/১; তারিখঃ ১২/০৯/২০১৭ইং

উপর্যুক্ত বিষয় ও সুত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রের ২নং অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে যে, “বর্ণিত সেবা বা পণ্যসমূহ নতুন উত্তাবন হওয়ায় এবং প্রচলিত সমাধান থেকে আলাদা হওয়ায় এ গুলোর কোনরূপ বিকল্প উৎপাদনকারী পাওয়া যায় না”। এ ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর বিধি-৭৬(১)(ক) এর বিধান অনুসরণপূর্বক ক্রয়কারী সরাসরি ক্রয় পদ্ধতিতে উত্তাবনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান থেকে উক্ত পণ্য বা সেবা ক্রয় করতে পারে।

০২। সরাসরি ক্রয়ের ক্ষেত্রে নেগোশিয়েশন বাধ্যতামূলক বিধায় ক্রয়কারী নেগোশিয়েশনের ভিত্তিতে রয়্যালিটি নির্ধারণ করে উত্তাবনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের সংগে সম্পাদিত চুক্তিতে তা প্রতিফলিত করে এ ধরনের ক্রয় কাজ সম্পন্ন করতে পারে। এ ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর বিধি-৯৯(১)(ক) দেখা যেতে পারে।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

মহাপরিচালক (প্রশাসন) এবং
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।


মোসাম্মা হাশিম
(মোসাম্মা হাশিম)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/১১৬

অনুলিপিঃ

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) অফিস কপি।